# রাজা যোশিয়'র মত আমরাও ঈশ্বরের বাক্যের ক্ষমতাকে শ্রদ্ধা করি।

যারা বাচ্চাদের শিক্ষা দেন তারা A3b অনুশীলন এবং অধ্যয়ন করুন।

**প্রার্থনা ঃ** ''পবিত্র আত্মা আমাদের মনকে জাগরীত কর, যাতে আমরা সর্ব্বান্তঃকরণে তোমার বাক্যকে শিখতে ও মান্য করতে পারি। আমরা যাতে এ বিষয়ে অন্যদের সাহায্য করতে পারি, যাতে তারাও আমাদের আনন্দের সহভাগী হতে পারে, তার জন্য আমাদের সাহায্য কর।''

১. **ঈশ্বরের বাক্য থেকে শিক্ষা করতে তোমার হৃদয়কে প্রস্তুত কর**

**২ বংশাবলি ৩৪ অধ্যায় পড় এবং খুঁজে বের কর ঃ**


- ঈশ্বরের বাক্যকে মান্য করার জন্য রাজা যোশিয় কেমন ভাবে মানুষের তৈরী পরম্পরাকে ভেঙে ছিলেন।)

  (উত্তর ঃ ৩-৭ পদ দেখ। লোকদের প্রতিমাগুলিকে তিনি প্রত্যাখান করেছিলেন। আমাদেরও উচিত মানুষের পরম্পরাগত নিয়মানুযায়ী নয়, কিন্তু ঈশ্বর যেমন চান, তেমন ভাবেই মেষগণকে চালনা করা।)

- ঈশ্বরের বাক্যকে খুঁজে পাবার জন্য যোশিয়র প্রজাগণ কত পরিশ্রম করেছিল।

  (উত্তর ঃ ৮-১৫ পদ দেখ। অবহেলায় পড়ে থাকা মন্দিরে ঈশ্বরের বাক্য হারিয়ে গেছিল।)

- আজকের দিনেও ঈশ্বরের বাক্য লোকেদের কাছে লুক্কায়িত হয়ে আছে, কারণ অনেক ভাষাতে হয়ত তা সঠিক ভাবে অনুদিত হয়নি। বহু অনুবাদক কঠোর পরিশ্রম সাধন করেন সঠিক অনুবাদের জন্য। প্রাচীন কালে গুটানো যায় নমন কিছুর উপর হাতে লেখার মাধ্যমে বই লেখা হত।



**প্রাচীনকালে গুটানো যায় এমন কিছুর উপর হাতে লেখার মাধ্যমে বইলেখা হত।**

- ঈশ্বরের বাক্য অধ্যয়নের জন্য যোশিয় কেমন ভাবে ঈশ্বরের সাহায্য প্রার্থনা করেছিলেন।

  (উত্তর ঃ ২১-২৮ পদ দেখ। পবিত্র আত্মা আমাদের তথা বিশ্বসীদের মধ্যে বাস করেন এবং সত্যের পথে নির্দেশনা দেন ঃ যোহন ১৬ঃ১৩। ঈশ্বরের বাক্য অধ্যয়ণ কালে আমরা পবিত্র আত্মার কাছে যাচ্ঞা করি যাতে তিনি আমাদের মনকে আলোকিত করেন। ইফিষীয় ১ঃ১৫-১৮)

- যোশিয় যা করেছিলেন এবং ঈশ্বরের বাক্যের যে ক্ষমতা তার জন্য ছিল।

  (উত্তর ঃ ৩০-৩৩ পদ দেখ। বিশ্বাসে আমরা ঈশ্বরের প্রকাশ পাই এবং তাতে মান্য করি।)

**মথি ৪ঃ১-১১ অংশে খুঁজুন,** যীশু কিভাবে শয়তানের প্রতিরোধ করেছিলেন।

- কোন তিনটি উপায়ে শয়তান যীশু পরীক্ষা করেছিলন?
- প্রতিটি পরীক্ষার পর যীশু কি উদ্ধৃতকরেছিলেন?
- পরীক্ষায় শেষে কারা যীশুর পরিচয্যার জন্য এসেছিলেন?

## পশ্চাদপট

- পবিত্র আত্মা মানুষকে চালিত করেছিলেন ঈশ্বরের বাক্যকে লেখার জন্য। (১ তীমথিয় ৩ঃ১৬-১৭)। তাঁরা পুরাতন নিয়ম ইব্রীয় এবং নতুন নিয়ম গ্রীক ভাষায় লিপিবদ্ধ করেছিলেন।
- ডান দিক থেকে বাম দিকে ইব্রীয় ভাষা পড়তে হয়।

בְּרֵאשִׁית בָּרָא אֱלֹהִים אֵת הַשָּׁמַיִם וְאֵת הָאָרֶץ׃

- বাম দিক থেকে ডান দিকে গ্রীক ভাষা পড়তে হয়।

Ἐν ἀρχῇ ἦν ὁ λόγος, καὶ ὁ λόγος ἦν πρὸς τὸν θεόν, καὶ θεὸς ἦν ὁ λόγος.

- আরও সঠিক ভাবে আমরা বাইবেলের কোনও অংশ বুঝতে পারবো যদি আমরা জানিঃ

**কে, কাদের জন্য এবং কেন লিখেছিলেন।**

**কখন ও কোথায় ঘটেছিল।**

**অংশটিতে বক্তা কে?**

**আমাদের কি করার জন্য অংশটি প্রস্তুত করে।**

এছাড়া বাইবেলের কিছু ভাগকে আমরা আরও ভালো ভাবে বুঝতে পারি। যদি আমাদের প্রাচীন ইস্রায়েলের রীতি, ভৌগোলিক অবস্থা এবং ইতিহাস সম্বন্ধে জানা থাকে। এ বিষয়ে অন্যান্য পৌল-তীমথিয় মেষ পালক এবং অন্যান্য পুস্তকের মারফত জানুন। (পৌল-তীমথিয় ব্যবহারিক তালিকা, বাইবেল বিভাগ দেখুন)

২. **সপ্তাহব্যাপী কাজের বিষয়ে ভাবুন**

- অধ্যাবসায়ের সাথে সপ্তাহের মধ্যে বিভিন্ন পরিবারকে ঈশ্বরের বাক্য অধ্যয়নের জন্য সহকারীদের সাথে আলোচনা করুন।
- আপনার এলাকায় কিভাবে আপনি অনুবাদ কাজে ও পুস্তকাদি দিয়ে সাহায্য করতে পারেন, সে বিষয়ে অনুসন্ধান করুন।

৩. **আশু আরাধনার বিষয় সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

- এমন কর্মধারা বেছে নিন যা স্থানীয় রীতি এবং অনুষ্ঠানের সাথে মানানসই হয়।
- আরাধনা চলাকালীন ঈশ্বরের মেষগণকে চালনা প্রদানের জন্য পবিত্র আত্মার কাছে প্রার্থনা করুন।
- তাঁর বাক্যের মধ্য দিয়ে যে সত্য প্রকাশিত হয়েছে তার জন্য ঈশ্বরের প্রশংসা করুন। গত সপ্তাহে আনন্দ এবং পবিত্রতা খুঁজে পেতে কিভাবে পবিত্র আত্মা, বাইবেলকে ব্যবহার করেছেন, সে বিষয়ে মেষগণকে সাক্ষ্য এবং প্রতিবেদন দিতে বলুন।

রাজা যোশিয়র ঘটনাটিকে পড়ুন অথবা নাটকাকারে পেশ করুন।

- একজন সাহায্যকারীকে ২ বংশাবলি ৩৪ অংশটি পাঠ করার জন্য প্রস্তুত করুন।
- প্রথমে, প্রত্যেককে ভালো করে শুনতে এবং খুঁজতে বলুন যে কিভাবে ঈশ্বরের বাক্য ইস্রায়েলের লোকেদের জীবন পরিবর্তন করেছিল। উপরে ভাগ - ১ এ যে প্রশ্নগুলি দেওয়া আছে, সেই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন।

পবিত্র আত্মা কেমনভাবে ঈশ্বরের বাক্যকে আমাদের মনতে আলোকিত করতে ব্যবহার করেন তা নাটকের আকার প্রদর্শন কর।

**শিক্ষার্থী ঃ** টেবিলের উপর একটি মোমবাতি জ্বেলে অন্যদিকে দেখবে।

**শয়তান ঃ**

- চুপিসাড়ে টেবিলের কাছে আসবে এবং মোমবাতিটি নিভিয়ে দিয়ে অট্টহাসিতে ফেটে পড়বে.
- শিক্ষার্থীর চোখ কাপড় দিয়ে বেঁধে দেবে এবং তাকে হস্তদ্বারা চালনা করবে। (বলবে "এস") হাঁটবে।
- দর্শকদের দিকে নির্দেশ করবে এবং এই কবিতাটি আবৃত্তি করবে অথবা পড়বে (আপনি যদি শয়তানের এই কবিতাটি অনুবাদ করেন, তবে আপনাকে ছড়ার ছন্দ বজায় না রাখলেও চলবে)

''ও হে মুর্খরা, মান্য কর মোর শত্রুকে! ধ্বংসিব তব দৃপ্ত বিক্ষোভ!

দেখ, মানুষের পরম্পরা দ্বারা তাঁর বাক্য হতে ফিরাব তোমাদের!

হে মরণশীল, কি সাহসে চুমুক দাও তাঁর পাত্রে, যা তোমাদের নরক অগ্নি থেকে উদ্ধার করে?

স্তব্ধ কর মোর বিরোধীতা, নতুবা তোমরা নরকাগ্নির হুল পাবে বুঝতে!''

**প্রচারক** ঃ (চিৎকার করে বলবে)

- চুর্ণ কর শয়তান, নতুবা অতল খাদে পড়বি।
- ২ বংশাবলি ৪ঃ৪ পড় (এ জগতের অধিপতি আমাদের অন্ধ করে দিয়েছে)
- মোমবাতিটি জ্বালিয়ে শয়তান এবং শিক্ষার্থীর সম্মুখে বাইবেলের উপর ধরবে।

**শয়তান** ঃ ক্রন্দন করবে এবং পালাতে চাইবে। চোখ আড়াল করবে। চিৎকার করে বলবে ''ওই ভয়ঙ্কর আলোটা সরিয়ে নিয়ে যাও '' (প্রস্থান)

**প্রচারক** ঃ ''এ জগতের অধিপতি শয়তান তোমার চোখকে বেঁধে দিয়েছিলেন।'' (কাপড়টি খুলে ফেলবে)

**শিক্ষার্থী** ঃ ''আমি জানতাম না যে আমার চোখকে বেঁধে অন্ধ করে দেওয়া হয়েছিল।'' (বাইবেল নিয়ে যোহন ১৬ঃ১৩-১৪ পড়)

**মথি ৪ঃ৪ একত্রে মুখস্থ কর।**

ছোটরা যে সমস্ত প্রশ্ন এবং কবিতার নাটক তৈরী করেছে তা প্রদর্শন করতে বল।

সপ্তাহব্যাপী যে সমস্ত কাজের পরিকল্পনা করা হয়েছে তার ঘোষণা করুন।

প্রভুর ভোজের অনুষ্ঠানের পরিচিতি করণের জন্য ২ বংশাবলি ৩০ঃ৫-৬ ও ২৫-২৭ পদগুলি পাঠ করুন। বুঝিয়ে দিন যে যীশু আসার আগে ঈশ্বর কিরূপে মিশরীয় দাসত্ব থেকে মুক্ত করেছিলেন। তা মনে রাখার জন্যে তাঁর প্রজারা মেষ উৎসর্গ করত এবং তা ভক্ষণ করত। এখন যীশু হলেন সেই উৎসর্গীকৃত মেষশাবক যিনি আমাদের পাপভার নিয়ে যান।

**দুই অথবা তিনটি দলে জড়ো হও।** প্রার্থনা, পরিকল্পনার সুনিশ্চয়তা এবং একে অপরকে উৎসাহ দান করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net